



মার্কিন হামলায় হরমুজ প্রণালীতে ইরানের ৫ বেসামরিক নিহত



হরমুজ প্রণালী। ছবি: আল জাজিরা

হরমুজ প্রণালীতে যুক্তরাষ্ট্রের সামরিক হামলায় ইরানের পাঁচজন বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে অভিযোগ উঠেছে। ঘটনাটি ঘিরে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে উপসাগরীয় অঞ্চলে।

ইরানের দাবি, হামলার শিকার নৌযানগুলো ইসলামি বিপ্লবী গার্ড কোরের (আইআরজিসি) ছিল না, বরং সাধারণ নাগরিকদের ব্যবহৃত ছিল। ফলে এ ঘটনাকে তারা বেসামরিক লক্ষ্যবস্তুতে আঘাত হিসেবে দেখেছে।

তেহরানের ভাষ্য অনুযায়ী, মার্কিন যুদ্ধজাহাজগুলো গোপনে হরমুজ প্রণালীতে প্রবেশের চেষ্টা করলে তাদের নৌবাহিনী বিষয়টি শনাক্ত করে। পরে সতর্কতা হিসেবে ড্রোন ও ক্ষেপণাস্ত্র ব্যবহার করে প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হয়, যাতে জাহাজগুলো পিছু হটে।

অন্যদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ইরানের সাতটি দ্রুতগতির নৌযান ধ্বংস করা হয়েছে। মার্কিন সেন্ট্রাল কমান্ডের মতে, হেলিকপ্টার ব্যবহার করে এই অভিযান চালানো হয়।

এছাড়া ইরানের দক্ষিণাঞ্চলীয় দায়ের বন্দরে নোঙর করা কয়েকটি বাণিজ্যিক জাহাজে অগ্নিকাণ্ডের ঘটনাও ঘটেছে। সব মিলিয়ে হরমুজকে ঘিরে পরিস্থিতি এখন বেশ উত্তপ্ত।